

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-১২৮৬  
অমরপুর, ২০ সেপ্টেম্বর, ২০২৪

**বন্যায় ক্ষতিগ্রস্তদের পাশে রয়েছে বনদপ্তর ঃ বনমন্ত্রী**

অমরপুর মহকুমার রাজকাং ভিলেজের দেববাড়ি এসবি স্কুল প্রাঙ্গণে গতকাল বন দপ্তরের পক্ষ থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ২৫০টি পরিবারের সদস্যদের হাতে ত্রাণ সামগ্রী তুলে দেওয়া হয়। বনমন্ত্রী অনিমেষ দেববর্মা সহ অতিথিগণ তাদের হাতে ত্রাণ সামগ্রী তুলে দেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বনমন্ত্রী বলেন, বন্যায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের এই ক্ষতি কোন সময় পূরণ করা যাবে না। বন দপ্তর সব সময় ক্ষতিগ্রস্তদের পাশে থাকবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক রঞ্জিত দেববর্মা, বিধায়ক স্বপ্না দেববর্মা, বিধায়ক নন্দিতা রিয়াং, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, পিসিসিএফ প্রবীণ আগারয়াল, মহকুমাশাসক অনুপম চক্রবর্তী প্রমুখ। ত্রাণ সামগ্রী হিসাবে প্রতি পরিবারকে চাল, আলু, পেয়াজ, সরিষা তেল ইত্যাদি দেওয়া হয়।

\*\*\*\*\*